

স্মারক নং-৪৩.২৬.১০০০.০০২.২৩.০০১.১৮. ১০

তারিখ: ২৭ মাঘ, ১৪৩০
১০ ফেব্রুয়ারি, ২০২৪

বিষয়: শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা।

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জেলা সরকারি গণগ্রন্থাগার, বগুড়ায় নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা:

ক্র: নং	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	রচনা জমা দেয়ার শেষ তারিখ, সময় ও স্থান
১	ক	৫ম - ৮ম	অমর একুশে	১০০০	তারিখ: ১৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ সময়: বিকাল ০৪.০০ টার মধ্যে। স্থান: জেলা সরকারি গণগ্রন্থাগার, বগুড়া।
২	খ	৯ম - দ্বাদশ	মাতৃভাষায় বিজ্ঞান চর্চা	১২০০	
৩	গ	স্নাতক-স্নাতকোত্তর/ সর্বসাধারণ	একুশের গান ও কবিতা	১৫০০	

খ) চিত্রাংকন প্রতিযোগিতা:

ক্র: নং	গ্রুপ	শ্রেণিসীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়	প্রতিযোগিতার স্থান, তারিখ ও সময়
১	ক	শিশু শ্রেণি - দ্বিতীয় শ্রেণি	উন্মুক্ত	স্থান: জেলা সরকারি গণগ্রন্থাগার, বগুড়া। তারিখ: ১৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ সময়: সকাল ১০.৩০ টা।
২	খ	তৃতীয় শ্রেণি - সপ্তম শ্রেণি		

শর্তাবলি:

১. রচনা A4 সাইজের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার এক পার্শ্বে লিখতে হবে। উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. ছাত্র-ছাত্রীদের স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্রের অনুলিপি/প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে।
৩. প্রত্যেক প্রতিযোগীকে অবশ্যই পূর্ণনাম, পিতা ও মাতার নাম, সচল ফোন নম্বর ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
৪. চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগীদেরকে কাগজ ব্যতীত অন্যান্য উপকরণ সঙ্গে আনতে হবে।

উল্লিখিত অনুষ্ঠানসমূহে আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।



১০.০২.২০২৪

মোঃ আমির হোসেন
সহকারী লাইব্রেরিয়ান
জেলা সরকারি গণগ্রন্থাগার
বগুড়া।

ফোন: +৮৮০২৫৮৮৮১৩১৪৪
E-mail: dgplbogura19@gmail.com

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

----- বগুড়া।